

# সুনান ইবনু মাজাহ

হাদিস নাম্বারঃ ২০৯৭

১১/ কাফফারাসমুহ (আ্) এই। ্। ১১/

পরিচ্ছেদঃ ১১/২. আল্লাহ্ ব্যতীত অপর কিছুর নামে শপথ করা নিষেধ।

بَابِ النَّهْيِ أَنْ يُحْلَفَ بِغَيْرِ اللهِ

### আরবী

حَدَّثَنَا عَلِيُّ بْنُ مُحَمَّد، وَالْحَسَنُ بْنُ عَلِيِّ الْخَلاَّلُ، قَالاَ حَدَّثَنَا يَحْيَى بْنُ آدَمَ، عَنْ إِسْرَائِيلَ، عَنْ أَبِي إِسْحَاقَ، عَنْ مُصنْعَبِ بْنِ سَعْد، عَنْ سَعْد، قَالَ حَلَفْتُ بِاللاَّتِ وَالْعُزَّى فَقَالَ رَسُولُ اللَّهِ \_ صلى الله عليه وسلم \_ " قُلْ لاَ إِلَهَ إِلاَّ اللَّهُ وَحْدَهُ لاَ شَرِيكَ لَهُ ثُمَّ انْفُتْ عَنْ يَسَارِكَ ثَلاَثًا وَتَعَوَّذْ وَلاَ تَعُدْ " .

#### বাংলা

8/২০৯৭। সা'দ (রাঃ) থেকে বর্ণিত। তিনি বলেন, আমি লাত ও উয্যার নামে শপথ করলে রসূলুল্লাহ সাল্লাল্লাহ আলাইহি ওয়াসাল্লাম বলেনঃ বলো, ''লা ইলাহা ইল্লাল্লাহ ওয়াস্দাহ্ লা শারীকা লাহু'' (আল্লাহ ব্যতীত কোন ইলাহ নাই, তিনি এক, তাঁর কোন শরীক নাই)। অতঃপর তুমি তিনবার বামদিকে থুথু নিক্ষেপ করো এবং শয়তান থেকে আশরয় প্রার্থনা করো, আর কখনো এর পুনরাবৃত্তি করো না।

## **English**

It was narrated that Sa'd said:

"I took an oath by Lat and 'Uzza. The Messenger of Allah (ﷺ) said: 'Say: "La ilaha illallah wahdahu la sharika lahu" (None has the right to be worshipped but Allah alone, with no partner or associate)," then spit toward your left three times, and seek refuge with Allah, and do not do that again."

## ফুটনোট

নাসায়ী ৩৭৭৬, ৩৭৭৭, ইরওয়াহ ৮/১৯২।

তাহকীক আলবানীঃ যঈফ। উক্ত হাদিসের সানাদের রাবী সকলেই সিকাহ। সানাদে ইসরাইল এর নামঃ ইউনুস



বিন আবু ইসহাক আস সুবাঈ। আর আবু ইসহাক এর নাম আমর বিন আবদুল্লাহ বিন উবায়দ আস-সুবাঈ যিনি ইসরাইলের দাদা। এই হাদিসে ইরওয়া (২৫৬৩) এর মাঝে শায়খ আলবানী কাউকে দোষারোপ করেন নি। তবে কারণ হিসেবে তিনি বলেন, আবু ইসহাক হাদিস বর্ণনায় তাদলীস করে আন আন সুত্রে হাদিস বর্ণনা করেছেন। (সুনান ইবনু মাজাহ আল-আরনাওত ২০৯৭, ৩/২৩৮ নং পৃষ্ঠা)

হাদিসের মান: যঈফ (Dai'f) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ তাওহীদ পাবলিকেশন 🛘 বর্ণনাকারীঃ সা'দ বিন আবূ ওয়াক্কাস (রাঃ)

👲 হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন